অনলাইনে আয়কর রিটার্ন দিলে
আয়কর সার্টিফিকেট সাথে সাথে মিলে

না দাঁড়িয়ে লাইনে
রিটার্ন দিন অনলাইনে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# কর কমিশনারের কার্যালয়

কর অঞ্চল-ময়মনসিংহ।

আদিবা আনোয়ার নিবাস, ২২, অমৃত বাবু রোড, ময়মনসিংহ-২২০০

www.taxzonemymensingh.gov.bd

## উৎসে আয়কর কর্তন/সংগ্রহ ও জমাদানের নির্দেশিকা

(কর্তনের হার সহ)

০১ জুলাই ২০২৫ হতে প্রযোজ্য

### কর অঞ্চল-ময়মনসিংহ এর উৎসে আয়কর কর্তন সংক্রান্ত অধিক্ষেত্র ঃ

কর অঞ্চল-ময়মনসিংহ এর অধিক্ষেত্রাধীন ময়মনসিংহ, জামালপুর, শেরপুর ও নেত্রকোণা জেলার উৎসে কর্তিত বা সংগৃহীত কর জাতীয় রাজস্ব বোর্ডের আদেশানুযায়ী কেবল কর অঞ্চল-ময়মনসিংহ এর অনুকূলে নিম্নোক্ত কোডে জমা প্রদান করতে হবে-

- **আয়কর জমার কোড:**

| | |
|---|---|
| ১১১০২১৫১০২৪৩৫-১১০০০০০০-১১০০১০০০-১১১২১০১ | বিল গ্রহণকারী কোম্পানি হলে |
| ১১১০২১৫১০২৪৩৫-১১০০০০০০-১১০০১০০০-১১১১১০১ | বিল গ্রহণকারী কোনো স্বাভাবিক ব্যক্তি/ফার্ম/ব্যক্তিসংঘ/ট্রাস্ট/তহবিল হলে |

**সম্মানিত উৎসে কর কর্তনকারীগণ লক্ষ করুন-**

- উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ বিল গ্রহণকারীকে তার নাম, ঠিকানা, TIN, TDS এর পরিমাণ ও চালান সংক্রান্ত সকল তথ্য সন্নিবেশিত করে একটি সার্টিফিকেট প্রদান করবে। **[ধারা ১৪৫ ও বিধি ১১]**
- উৎসে কর কর্তনকারী (স্থানীয় কর্তৃপক্ষ, স্বায়ত্তশাসিত সংস্থা, সরকারের কোনো কর্তৃপক্ষ, বাংলায় পাঠদানকারী প্রাথমিক বা প্রাক-প্রাথমিক বিদ্যালয়, সরকারি মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক বিদ্যালয় বা এমপিও আদেশভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান ব্যতীত) কর্তৃপক্ষ তথা কোম্পানি, ফার্ম, ব্যক্তিসংঘ, বেসরকারি হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার প্রতি ৩ মাস অন্তর পরবর্তী মাসের ২৫ তারিখের মধ্যে পূর্ববর্তী ৩ মাসের জন্য প্রযোজ্য উৎসে করের রিটার্ন সংশ্লিষ্ট কর সার্কেলে দাখিল করবে। উৎসে করের রিটার্ন হলো-সরকারি কোষাগারে জমাদানকৃত উৎসে করের হিসাব প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত বিধিবদ্ধ ফরম। **[ধারা ১৭৭ ও বিধি ১৫]**
- উৎসে কর রিটার্ন দাখিলের ব্যর্থতায় রিটার্ন দাখিলের জন্য দায়িত্বপ্রাপ্ত/ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির সর্বশেষ নিরূপিত আয়ের উপর ধার্যকৃত করের ১০% (দশ শতাংশ) হারে অথবা ৫ (পাঁচ) হাজার টাকা, এ দুয়ের মধ্যে যেটি অধিক সেই পরিমাণ জরিমানা আরোপের এবং ব্যর্থতা অব্যাহত থাকাকালীন প্রতি মাসের জন্য অথবা তার ভগ্নাংশের জন্য ১ (এক) হাজার টাকা হারে অতিরিক্ত জরিমানা আরোপের বাধ্যবাধকতা রয়েছে। **[ধারা ২৬৬(২)(ক)]**

**উৎসে কর কর্তন না করলে অথবা কর্তনকৃত কর সরকারি কোষাগারে জমা না দিলে:**

| | |
|---|---|
| ১ | বিল পরিশোধকারী ব্যক্তি খেলাপি করদাতা হিসেবে বিবেচিত হবেন **[ধারা১৪৩(১)]** |
| ২ | উক্ত ব্যক্তিকে মাসিক ২% হারে অতিরিক্ত কর দিতে হবে। **[ধারা ১৪৩(৩)]** |
| ৩ | আয়কর আইন, ২০২৩ এর অংশ ৭ এর অন্য কোনো বিধানাবলি পরিপালনের ব্যর্থতায় ১০ লক্ষ টাকা পর্যন্ত জরিমানা। **[ধারা ১৪৩(২)(ঘ)]** |

| | |
|---|---|
| উৎসে কর্তিত কর সরকারি কোষাগারে জমার সময়সীমা (বিধি ৯) | জুলাই হতে মে মাস পর্যন্ত: যে মাসে কর কর্তন করা হবে তার পরবর্তী মাসের ২য় সপ্তাহের মধ্যে।<br>জুন মাসের ১ হতে ২০ তারিখ পর্যন্ত: যে তারিখে কর্তন করা হবে তার পরবর্তী ৭ দিনের মধ্যে।<br>জুন মাসের অন্যান্য দিন: যে দিন কর কর্তন করা হবে তার পরবর্তী দিনে জমা করতে হবে।<br>জুন মাসের শেষ কর্মদিবস: যে দিন কর কর্তন করা হবে সেই দিনে জমা করতে হবে। |
| উৎসে কর্তিত কর জমাদানের পদ্ধতি (বিধি ১০) | আয়কর আইন, ২০২৩ এর অংশ ৭ এর আওতাধীন কর্তনকৃত বা সংগ্রহকৃত কর উল্লিখিত বিধি ৯ মোতাবেক এ-চালান বা বোর্ড কর্তৃক নির্ধারিত ই-পেমেন্টের মাধ্যমে সরকারি কোষাগারে জমা করতে হবে। |

**উৎসে কর কর্তন বা সংগ্রহের সাধারণ বিধান:**

- যার নিকট থেকে উৎসে কর কর্তন বা সংগ্রহ করা হবে সেই ব্যক্তি কর্তনকারী কর্তৃপক্ষের নিকট অর্থ গ্রহণকালে আয়কর রিটার্ন দাখিলের প্রমাণ উপস্থাপন করতে ব্যর্থ হলে কর কর্তনের হার ৫০% বেশি হবে। **[বিধি ১৪(১)]**

  যার নিকট থেকে উৎসে কর কর্তন বা সংগ্রহ করা হবে সেই ব্যক্তি কর্তনকারী কর্তৃপক্ষের নিকট অর্থ গ্রহণকালে ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে অর্থ গ্রহণ না করলে কর কর্তনের হার ৫০% বেশি হবে। **[বিধি ১৪(২)]**

  আয়কর আইন, ২০২৩ এর অংশ ৭ এর বিধানাবলি অর্থাৎ দাবিকৃত খরচের ক্ষেত্রে উৎসে কর কর্তন ও জমাদান সংক্রান্ত বিধানাবলি যথাযথভাবে পরিপালন না করলে তা কর্তনকারী কর্তৃপক্ষ (কোম্পানি, ফার্ম, ব্যক্তি সংঘ, বেসরকারি হাসপাতাল, ক্লিনিক, ডায়াগনস্টিক সেন্টার) এর ব্যবসা হতে আয় গণনার ক্ষেত্রে বিয়োজন হিসেবে অনুমোদনযোগ্য হবে না; বরং উক্ত খরচ করদাতার আয় হিসেবে পরিগণিত হবে। **[ধারা৫৫(ক)]**

| ক্রম | খাতের বিবরণ | ধারা ও বিধি | হার |
|---|---|---|---|
| ১। | চাকরি হতে আয় | ধারা ৮৬ | গড় হারে |
| ২। | শ্রমিক অংশগ্রহণ তহবিল হতে সুবিধাভোগীকে অর্থ পরিশোধ | ধারা ৮৮ | ১০% |
| ৩। | ক) এমএস বিলেট উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে এবং স্থানীয়ভাবে ক্রয়কৃত এমএস স্ক্র্যাপের ক্ষেত্রে | ধারা ৮৯, বিধি ৩ | ০.৫% |
| | খ) পেট্রোলিয়াম তেল এবং লুব্রিকেন্ট বিপণনে নিযুক্ত তেল বিপণন কোম্পানি কর্তৃক তেল সরবরাহেরে ক্ষেত্রে | ধারা ৮৯, বিধি ৩ | ০.৬% |
| | গ) পেট্রোল পাম্প স্টেশন ব্যতীত তেল বিপণন কোম্পানির ডিলার বা এজেন্ট কর্তৃক তেল সরবরাহেরে ক্ষেত্রে | ধারা ৮৯, বিধি ৩ | ১% |
| | ঘ) ধান, ধানের কুড়া, চাল, গম, আলু, গবাদি পশু, মাছ, মাংস, পিঁয়াজ, রসুন, মটর, ছোলা, মসুর, আদা, হলুদ, শুকনা মরিচ, ডাল, ভূট্টা, আটা, ময়দা, লবণ, ভোজ্যতেল, চিনি, বীজ, পাটকাঠি, সরিষা, তিল, কাঁচা চা-পাতা, গোলমরিচ, এলাচ, দারুচিনি, লবঙ্গ, তেজপাতা এবং পাট সরবরাহের ক্ষেত্রে | ধারা ৮৯, বিধি ৩ | ০.৫% |
| | ঙ) তুলা ও সুতা সরবরাহের ক্ষেত্রে | ধারা ৮৯, বিধি ৩ | ১% |
| | চ) সব ধরনের ফল সরবরাহের ক্ষেত্রে | ধারা ৮৯, বিধি ৩ | ২% |
| | ছ) শতভাগ রপ্তানিমুখী গার্মেন্টস শিল্প কর্তৃক প্রদত্ত সাব কন্ট্রাক্টের ক্ষেত্রে | ধারা ৮৯, বিধি ৩ | ১% |
| | জ) এমএস বিলেট ব্যতীত সিমেন্ট, লৌহ বা লৌহ পণ্য, ফেরো অ্যালয় পণ্য উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে | ধারা ৮৯, বিধি ৩ | ২% |
| | ঝ) তেল শোধন (oil refinery) কার্যক্রমে নিযুক্ত কোনো কোম্পানি কর্তৃক তেল সরবরাহের ক্ষেত্রে | ধারা ৮৯, বিধি ৩ | ১.৫% |
| | ঞ) গ্যাস ট্রান্সমিশনে নিযুক্ত কোম্পানির ক্ষেত্রে | ধারা ৮৯, বিধি ৩ | ৩% |
| | ট) গ্যাস বিতরণে নিযুক্ত কোম্পানির ক্ষেত্রে | ধারা ৮৯, বিধি ৩ | ০.৬% |
| | ঠ) স্থানীয় পর্যায়ে নিজস্ব Vertical Continuous Vulcanization Line) রয়েছে এরূপ কোনো কোম্পানি কর্তৃক তৈরিকৃত ৩৩ কেভি হতে ৫০০ কেভি Extra Hogh Voltage Power Cable সরবরাহের ক্ষেত্রে | ধারা ৮৯, বিধি ৩ | ৩% |
| | ড) সরকার, সরকারের কোনো কর্তৃপক্ষ, কর্পোরেশন বা সরকারের সংস্থা এবং এর সকল সংযুক্ত ও অধিনস্থ আফিস ব্যতীত অন্য কোনো ব্যক্তিকে বই সরবরাহের ক্ষেত্রে | ধারা ৮৯, বিধি ৩ | ৩% |
| | ঢ) রিসাইকেল্ড সিসা সরবরাহের ক্ষেত্রে | ধারা ৮৯, বিধি ৩ | ৩% |
| | ণ) শিল্পোৎপাদনে ব্যবহৃত কাঁচামাল সরবরাহের ক্ষেত্রে | ধারা ৮৯, বিধি ৩ | ৩% |
| | ত) রিসাইক্লিং শিল্পে ব্যবহৃত কাঁচামাল সরবরাহের ক্ষেত্রে | ধারা ৮৯, বিধি ৩ | ১.৫% |
| | থ) ম্যানুফাকচারিং, প্রসেস বা কনভারশন, পূর্ত কাজ, নির্মাণ, প্রকৌশল বা সমজাতীয় অন্য কোনো কাজের জন্য সম্পাদিত চুক্তির ক্ষেত্রে | ধারা ৮৯, বিধি ৩ | ৫% |
| | দ) সিগারেট, বিড়ি, জর্দা ও গুল শিল্পে তামাকজাত কাঁচামাল সরবরাহের ক্ষেত্রে | ধারা ৮৯, বিধি ৩ | ১০% |
| | ধ) (i) পণ্য সরবরাহ (ক থেকে দ পর্যন্ত বর্ণিত হয়নি এমন পণ্য সরবরাহের ক্ষেত্রে)-<br>(ii) ধারা ৮৯ এ উল্লিখিত হয়নি এমন অন্যান্য সকল পণ্যের ক্ষেত্রে- | ধারা ৮৯, বিধি ৩ | ৫% |

৪। সেবার ক্ষেত্রে পরিশোধ হতে কর্তন (ধারা ৯০, বিধি ৪)

| সেবার বিবরণ এবং পরিশোধের পরিমাণ | | হার |
|---|---|---|
| ১। উপদেষ্টা বা পরামর্শক | স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে | ১৫% |
| | স্বাভাবিক ব্যক্তি ব্যতীত | ৭.৫% |
| ২। পেশাদার সেবা (professional service) | স্বাভাবিক ব্যক্তির ক্ষেত্রে | ১৫% |
| | স্বাভাবিক ব্যক্তি ব্যতীত | ৭.৫% |
| ৩। কারিগরি সেবা ফি (technical services fee) বা কারিগরি সহায়তা ফি (technical know-how or technical assistance fee) | | ১০% |
| ৪। (ক) ক্যাটারিং<br>(খ) ক্লিনিং<br>(গ) সংগ্রহ ও পুনরুদ্ধার এজেন্সি<br>(ঘ) ব্যক্তিগত নিরাপত্তা<br>(ঙ) জনবল সরবরাহ<br>(চ) ক্রিয়েটিভ মিডিয়া<br>(ছ) জনসংযোগ<br>(জ) ইভেন্ট পরিচালনা<br>(ঝ) প্রশিক্ষণ, কর্মশালা ইত্যাদি পরিচালনা<br>(ঞ) কুরিয়ার সার্ভিস<br>(ট) প্যাকিং এবং শিফটিং<br>(ঠ) একই প্রকৃতির অন্যান্য সেবা<br>ইত্যাদি সেবার ক্ষেত্রে-<br>(১) কমিশন বা ফি এর উপরে<br>(২) মোট বিলের উপরে | | <br><br><br><br><br><br><br><br><br><br><br><br><br>১০%<br>২% |
| ৫। প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া এজেন্সি সেবা<br>(১) কমিশন বা ফি এর উপরে<br>(২) মোট বিলের উপরে | | <br>১০%<br>০.৬৫% |

সেবার ক্ষেত্রে পরিশোধ হতে কর্তন (ধারা ৯০, বিধি ৪)

| সেবার ক্ষেত্রে পরিশোধ হতে কর্তন (ধারা ৯০, বিধি ৪) | হার |
|---|---|
| ৬। ইন্ডেন্টিং কমিশন | ৭.৫% |
| ৭। মিটিং ফি, ট্রেনিং ফি বা সম্মানী | ১০% |
| ৮। মোবাইল নেটওয়ার্ক অপারেটর | ১২% |
| ৯। ক্রেডিট রেটিং এজেন্সি | ১০% |
| ১০। মোটর গ্যারেজ বা ওয়ার্কশপ | ৮% |
| ১১। ব্যক্তিগত কন্টেইনার পোর্ট বা ডকইয়ার্ড | ৮% |
| ১২। শিপিং এজেন্সি কমিশন | ৮% |
| ১৩। স্টিভডোরিং/বার্থ অপারেটর/টার্মিনাল অপারেটর/শিপ হ্যান্ডলিং অপারেটর সেবার ক্ষেত্রে<br>(১) কমিশন বা ফি এর উপরে<br>(২) মোট বিলের উপরে | <br>১০%<br>৫% |
| ১৪। (১) পরিবহণ সেবা, গাড়ি ভাড়া, ক্যারিয়িং সেবা এবং মেরামত ও রক্ষণাবেক্ষন সেবা<br>(২) রাইড শেয়ারিং সেবা, ওয়ার্কিং স্পেস সরবরাহ সেবা, আবাসন সরবরাহ সেবাসহ যেকোনো প্রকার শেয়ারিং ইকনোমিক প্লাটফর্ম | ৫% |
| ১৫। বিদ্যুৎ সঞ্চালনায় নিমিত্ত হুইলিং চার্জ | ৩% |
| ১৬। ইন্টারনেট সেবা | ৫% |
| ১৭। মোবাইল ফাইন্যান্সিয়াল সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের এজেন্ট, ডিস্ট্রিবিউটর, এজেন্সি বা চ্যানেল পার্টনার, যে নামেই অভিহিত হউক না কেন | ১০% |
| ১৮। ফ্রেইট ফরওয়ার্ড বাবদ পরিশোধিত কমিশনসহ বা কমিশন ব্যতিরেকে গ্রস বিলের উপর | ১.৫% |
| ১৯। ক্রমিক নং ১ হইতে ১৮ তে বর্ণিত হয় নাই এইরূপ অন্য কোনো সেবা যাহা আইনের অন্য কোনো ধারার অধীন কর কর্তনযোগ্য নহে | ১০% |

| | | | |
|---|---|---|---|
| ৫. | স্পর্শাতীত সম্পত্তির জন্য পরিশোধিত অর্থ হতে কর্তন: রয়্যালটি, ফ্রাঞ্চাইজ বা লাইসেন্স, ট্রেডমার্ক, পেটেন্ট, কপিরাইট, শিল্প নকশা, উদ্ভিদের জাত, ভৌগলিক নির্দেশক পণ্য বা মেধাসত্ত্ব সংক্রান্ত অন্য কোনো সম্পত্তি অথবা অভৌত বা নিরাকার বিষয়ের জন্য অর্থ পরিশোধ | ধারা ৯১ | ১০% |
| ৬. | প্রচার মাধ্যম (খবরের কাগজ, ম্যাগাজিন, বেসরকারি টিভি ও রেডিও চ্যানেল ইত্যাদি) এর বিজ্ঞাপন আয় হতে কর কর্তনর বিজ্ঞাপন আয় হতে কর কর্তন | ধারা ৯২ | ৫% |
| ৭. | পরিবেশক বা অন্য কোনো ব্যক্তিকে প্রদত্ত কমিশন, বাট্টা, ফি, প্রণোদনা বা কর্মদক্ষতা ভাতা বা কর্মদক্ষতা সম্পর্কিত অন্য কোনো প্রণোদনা প্রদান বা এরূপ প্রকৃতির অন্য কোনো অর্থ পরিশোধের ক্ষেত্রে | ধারা ৯৪(১) | ১০% |
| ৮. | বিপণনের সাথে সম্পৃক্ত কোনো ব্যক্তিকে অর্থ পরিশোধকালে | ধারা ৯৪(২) | ১.৫% |
| ৯. | তেল বিপণন কোম্পানি ব্যতীত অন্য কোনো কোম্পানি বা ফার্ম, যা পরিবেশক বা চুক্তির অধীন অন্য কোনো ব্যক্তি এর নিকট কোম্পানি বা ফার্ম বা অন্য কোনো ব্যক্তি কর্তৃক নির্ধারিত পণ্য বিক্রয়ের ক্ষেত্রে | ধারা ৯৪(৩) | খ × গ × ৫%<br>খ = পরিবেশক বা অন্য কোনো ব্যক্তির নিকট কোম্পানি বা ফার্মের বিক্রয় মূল্য<br>গ = ৫%) |
| | সিগারেট প্রস্তুতকারী কোম্পানি বা ফার্মের পণ্য বিক্রয়কালে | ধারা ৯৪(৩) এর শর্তাংশ | পরিবেশক বা উক্তরূপ কোনো ব্যক্তির নিকট হতে পরিবেশক বা অন্য কোনো ব্যক্তির নিকট পণ্যের বিক্রয়মূল্য এবং উক্ত কোম্পানি বা ফার্ম কর্তৃক নির্ধারিত খুচরা মূল্যের পার্থকের ৩% |
| ১০. | ট্রাভেল এজেন্টের নিকট থেকে কর সংগ্রহ | ধারা ৯৫(১) | ট্রাভেল এজেন্সি কর্তৃক এয়ার টিকেপ বিক্রয় অথবা বিমানে কার্গো পরিবহনের ক্ষেত্রে প্রদত্ত কমিশন বা ছাড় বা অন্য কোনো সুবিধার জন্য ০.৩% |
| ১১. | ট্রাভেল এজেন্টের নিকট থেকে কর সংগ্রহ | ধারা ৯৫(২) | ট্রাভেল এজেন্সি কর্তৃক এয়ার টিকেট বিক্রয় অথবা বিমানে কার্গো পরিবহনের ক্ষেত্রে ইনসেন্টিভ বা বোনাস বা অন্য কোনো সুবিধার ক্ষেত্রে<br>ক/খ × গ এর সমপরিমাণ অর্থ, যেখানে-<br>ক = ইনসেন্টিভ বা বোনাস বা অন্য কোনো সুবিধা<br>খ = ৯৫(১) মোতাবেক প্রাপ্ত কমিশন বা ছাড় বা অন্য কোনো সুবিধা<br>গ = ৯৫)১) মোতাবেক উৎসে করের পরিমাণ |
| ১২. | পোস্ট অফিস সঞ্চয় ব্যাংকে রক্ষিত অর্থের সুদ হতে প্রাপ্ত আয় | ধারা ১০২ | ১০% |
| ১৩. | ভাড়া (গৃহসম্পত্তি, হোটেল বা গেস্ট হাউজ, খালি স্থান বা প্ল্যান্ট বা যন্ত্রপাতি এবং সরকারি জলাধার ব্যতীত অন্য কোনো জলাধার) | ধারা ১০৯ | ১০% |
| ১৪. | কনভেনশন হল, কনফারেন্স সেন্টার, কক্ষ বা হল, হোটেল, কমিউনিটি সেন্টার বা রেস্টুরেন্ট ব্যবহার বা ভাড়া নিলে | ধারা ১১০ | ১০% |
| ১৫. | স্থাবর সম্পত্তি/ভূমি অধিগ্রহণের ক্ষতিপূরণ | ধারা ১১১ | ক) সিটি কর্পোরেশন, পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ডের মধ্যে ৬%<br>খ) সিটি কর্পোরেশন, পৌরসভা ও ক্যান্টনমেন্ট বোর্ডের বাহিরে ৩% |
| ১৬. | বিদ্যুৎ ক্রয় | ধারা ১১৪ | ৪% |
| ১৭. | রিয়েল স্টেট উন্নয়নকারী (ডেভেলপার) নিকট হতে ভূমির মালিক কর্তৃক প্রাপ্ত আয় (সাইনিং মানি) | ধারা ১১৫ | ১৫% |
| ১৮. | বিদেশি ক্রেতার এজেন্টকে প্রদত্ত কমিশন বা পারিশ্রমিক | ধারা ১১৬ | ৭.৫% |
| ১৯. | লভ্যাংশ | ধারা ১১৭ | ক) নিবাসী/অনিবাসী বাংলাদেশি কোম্পানি করদাতার ক্ষেত্রে কোম্পানির উপর প্রযোজ্য কর হারে<br>খ) নিবাসী/অনিবাসী বাংলাদেশি কোম্পানি করদাতার ব্যতীত করদাতার ক্ষেত্রে<br>১. টিআইএন থাকলে ১০%<br>২. টিআইএন না থাকলে ১৫% |
| ২০. | লটারী, শব্দজট, কার্ড গেইম, অনলাইন গেইম বা এরূপ কোনো খেলায় জয় লাভ বাবদ প্রাপ্ত অর্থ | ধারা ১১৮ | ২০% |
| ২১. | আমদানিকারকদের নিকট হতে কর কর্তন | ধারা ১২০, বিধি ৮ | উৎসে কর বিধিমালা, ২০২৩ এর বিধি ৮ মোতাবেক নির্ধারিত হারে |
| ২২. | ক্লিয়ারিং ও ফরওয়ার্ডিং (সিএন্ডএফ) এজেন্টের কমিশন | ধারা ১২২ | ১০% |
| ২৩. | সম্পত্তি হস্তান্তর | ধারা ১২০, বিধি ৬ | এসআরও নং-১৫৭-আইন/আয়কর-১২/২০২৫, তারিখ: ২৬ মে ২০২৫ খ্রি. এবং এসআরও নং-২৬৯-আইন/আয়কর-১৪/২০২৫, তারিখ: ২৪ জুন ২০২৫ খ্রি. দ্রষ্টব্য |
| ২৪. | রিয়েল স্টেট বা ভূমি উন্নয়নকারীর নিকট হতে কর সংগ্রহ (ভবন বা এ্যাপার্টমেন্ট হস্তান্তরের ক্ষেত্রে) | ধারা ১২০, বিধি ৭ | এসআরও নং-১৫৭-আইন/আয়কর-১২/২০২৫, তারিখ: ২৬ মে ২০২৫ খ্রি. এবং এসআরও নং-২৬৯-আইন/আয়কর-১৪/২০২৫, তারিখ: ২৪ জুন ২০২৫ খ্রি. দ্রষ্টব্য |
| ২৫. | সরকারি স্ট্যাম্প, কোর্ট ফি, কার্টিজ পেপার বাবদ পরিশোধিত কমিশন | ধারা ১২৭ | ১০% |
| ২৬. | সম্পত্তি ইজারা | ধারা ১২৮ | ৪% |

| | | | |
|---|---|---|---|
| ২৭. | সিগারেট উৎপাদনকারী (অযান্ত্রিক বা ঘরোয়া উপায়ে উৎপাদন) হতে কর সংগ্রহ (ব্যান্ডরোল) | ধারা ১২৯ | ১০% |
| ২৮. | ইট প্রস্তুতকারকের নিকট থেকে কর সংগ্রহ | ধারা ১৩০ | ক. ১,০৮,০০০ ঘনফুট আয়তনের অধিক নয় এরূপ মৌসুমী ইটভাটার ক্ষেত্রে ৮০,০০০/-<br>খ. ১,০৮,০০০ ঘনফুট আয়তনের অধিক কিন্তু ১,২৪,০০০ ঘনফুটের অধিক নয় এরূপ মৌসুমী ইটভাটার ক্ষেত্রে ১,২০,০০০/-<br>গ. ১,২৪,০০০ ঘনফুটের অধিক এরূপ মৌসুমী ইটভাটার ক্ষেত্রে ১,৬০,০০০/-<br>ক, খ ও গ এ উল্লিখিত হয়নি এমন ইটভাটার জন্য ২,২০,০০০/- |
| ২৯. | ট্রেড লাইসেন্স প্রদান বা নবায়ন | ধারা ১৩১ | ক. ময়মনসিংহ সিটি কর্পোরেশন: ২০০০/-<br>খ. ময়মনসিংহ জেলা সদরের পৌরসভা: ১০০০/-<br>গ. অন্যান্য পৌরসভা: ৫০০/- |
| ৩০. | কোনো নিবাসীর জাহাজ ব্যবসা হতে কর সংগ্রহ | ধারা ১৩২ | বাংলাদেশে প্রবেশ বা বিদেশে প্রেরিতব্য মোট মালামালের উপর ৫%; তবে দুই বা ততোধিক দেশ কর্তৃক প্রদত্ত পরিষেবার ক্ষেত্রে গৃহীত বা গৃহীতব্য পরিবহনকৃত মালের উপর ৩% |
| ৩১. | প্রকাশ্য নিলামের বিক্রি (যেকোনো ইজারা অর্ন্তভূক্ত) | ধারা ১৩৩ | ১০% |
| ৩২. | প্রাইভেট লিমিটেড কোম্পানির শেয়ার হস্তান্তর | ধারা ১৩৪ | ১৫% |
| ৩৩. | অভ্যন্তরীণ নৌপথে নৌযান পরিচালনা হতে কর সংগ্রহ | ধারা ১৩৯ | ক) দিবাকালীন যাত্রী পরিবহন ক্ষমতার ভিত্তিতে যাত্রী প্রতি ১২৫/-<br>খ) কার্গো বা কোস্টারের ক্ষেত্রে গ্রস টনেজ প্রতি ১৭০/-<br>গ) ডাম্পবার্জের ক্ষেত্রে গ্রস টনেজ প্রতি ১২৫/- |

**বিশেষ দ্রষ্টব্য:**

মুদ্রণজনিত ত্রুটি বা অন্য কোনো কারণে বর্ণিত হার যদি আয়কর আইন, ২০২৩ [অর্থ অধ্যাদেশ, ২০০৫ মূলে সংশোধিত] বা উৎসে কর বিধিমালা, ২০২৪ [এসআরও নং-১৫৭-আইন/আয়কর-১২/২০২৫, তারিখ ২৬ মে ২০২৫ খ্রি. এবং এসআরও নং-২৬৯-আইন/আয়কর-১৪/২০২৫, তারিখ ২৪ জুন ২০২৫ খ্রি. মূলে সংশোধিত] বা সংশ্লিষ্ট প্রজ্ঞাপনে বর্ণিত হার অপেক্ষা ভিন্ন হয় তাহলে আয়কর আইন, ২০২৩ বা উৎসে কর বিধিমালা, ২০২৪ বা সংশ্লিষ্ট প্রজ্ঞাপনে বর্ণিত হার অনুসরণ করতে হবে।

অনলাইনে আয়কর রিটার্ন দাখিলের জন্য ভিজিট করুন–
**www.etaxnbr.gov.bd**

অনলাইনে উৎসে কর পরিশোধের জন্য ভিজিট করুন–
**www.etds.gov.bd**

উৎসে করের রিটার্ন ফরম ও অন্যান্য তথ্যের জন্য ডাউনলোডের জন্য ভিজিট করুন–
**www.nbr.gov.bd**

যোগাযোগের জন্য ঃ উপকর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন), ফোন ০২৯৯৬৬-৬৬১৭৫
উপকর কমিশনার, সদর দপ্তর (প্রায়োগিক), ফোন ০২৯৯৬৬-৬৬১৯১

প্রচারে ঃ

**কর অঞ্চল–ময়মনসিংহ**

e-mail : ctmymensingh@gmail.com

ফোন ঃ ০২৯৯৬৬-৬৬১২৪ (PA)

স্বর্ণ প্রেস/ময়মন/২০০০কপি/৬-৮-২০২৫